

৭১নং

তাল—গড়খেম্টা

আমি দেখ্লেম এ সংসারে ।

দারুণ কলির প্রভাবেতে, বুদ্ধিমান হয় ঘরে ঘরে ॥

- ১। ঘরে ঘরে সামাজিকতা, সবে কয় সমাজের কথা,
 মানে না মতাপিতা, কে বুঝাবে কারে ।
 কোন দিন যা ছিল না, সেই সব হতেছে রে—
 সব উচ্চবিদ্যা শিক্ষা ক'রে গৌরবের দায় কাছা ছাড়ে ॥
- ২। ভাল মন্দ বিচার কি ছাই, তর্ক করে জয়ী হওয়া চাই,
 যেমন সর্বজয়ী পণ্ডিতের ঠাই, নিমাই পণ্ডিত হারে ।
 বিনা পত্রে জয়পত্র লিখিয়া দিলেন তারে—
 পণ্ডিত মনে মনে ভাবে সদায়, হরি ঠেকেছে রে ॥
- ৩। শিখিতে হ'লে মাতব্বরী, করতে হয় কি পরদারী,
 ইহার কারণ বুঝতে নারি, পয়সাতে সব করে ।
 বুক টান্ মেরে কথা বলে, পূর্ণ অহঙ্কারে—
 হরিভক্ত দেখামাত্র, তাড়িয়ে দেয় দেশান্তরে ॥
- ৪। কেহ সাধুসঙ্গ নিলে, কত মন্দ তারে বলে,
 কেহ চেপে ধরে গলে, কেহ বা তায় মারে ।
 হরিভক্তের এ যন্ত্রণা, হরি সহিতে নারে—
 হরি সকলের ভাল কর, রসিক তাই বঞ্ছা করে ॥

—রসিকলাল মিস্ত্রী

